

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 24-12-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**President-Vigyan Puraskar-2025 :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু নয়াদিল্লির রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে গতকাল ২০২৫ সালের রাষ্ট্রীয় বিজ্ঞান পুরস্কার প্রদান করেছেন। বিজ্ঞান, প্রযুক্তি এবং উদ্ভাবনের ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য এই পুরস্কার দেশের সর্বোচ্চ স্বীকৃতি। রাষ্ট্রীয় বিজ্ঞান পুরস্কারের দ্বিতীয় সংস্করণে, বিজ্ঞান রত্ন, বিজ্ঞান শ্রী, বিজ্ঞান যুব-শান্তিস্বরূপ ভাটনগর এবং বিজ্ঞানে দলগত সহ চারটি বিভাগে পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারের দ্বিতীয় সংস্করণে, পদ্মবিভূষণ অধ্যাপক জয়ন্ত বিষ্ণু নারলিকারকে মরণোত্তর বিজ্ঞান রত্ন পুরস্কারে ভূষিত করা হয়েছে। আটজন বিজ্ঞানীকে বিজ্ঞানশ্রী পুরস্কারে ভূষিত করা হয়েছে। চৌদ্দজন তরুণ বিজ্ঞানীকে বিজ্ঞান যুব-শান্তিস্বরূপ ভাটনগর বিভাগে পুরস্কৃত করা হয়েছে। অন্যদিকে, দলগত বিজ্ঞান পুরস্কারটি সিএসআইআর-এর অ্যারোমা মিশন টিমকে প্রদান করা হয়েছে।

\*\*\*\*\*

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল খোয়াইয়ের ধলাবিলে ১০০ শয্যা বিশিষ্ট নতুন জেলা হাসপাতাল এবং ৫০ শয্যা বিশিষ্ট নেশা মুক্তি নিরাময় কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তাছাড়া, তিনি ভার্চুয়ালভাবে খোয়াই জেলায়

৮টি প্রকল্পের উদ্বোধন করেন। এগুলোর মধ্যে রয়েছে জেলা প্রশাসনের জন্য নির্মিত নতুন সরকারি আবাস, ডি-সি-এম এবং বিডিও অফিস, কোয়ার্টার, শ্যামাপ্রসাদ মুখার্জির স্ট্যাচু, পার্ক উদ্বোধন ইত্যাদি।

\*\*\*\*\*

### **Comprehensive Internship Policy launched :**

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রক তরুণ প্রতিভাদের পরিচর্যা এবং দেশের ক্রীড়া বাস্তবব্যবস্থাকে শক্তিশালী করার লক্ষ্যে কাঠামোগত, বৃহৎ পরিসরের প্ল্যাটফর্ম তৈরির জন্য একটি ব্যাপক ইন্টার্নশিপ নীতি চালু করেছে। মন্ত্রক জানিয়েছে, এই উদ্যোগটি মন্ত্রক এবং এর স্বায়ত্তশাসিত সংস্থাগুলিতে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অর্থপূর্ণ ইন্টার্নশিপের সুযোগ দেবে, যা তাদের ক্রীড়া ব্যবস্থা, প্রশাসন এবং সংশ্লিষ্ট পেশাদার ক্ষেত্রগুলিতে সরাসরি অভিজ্ঞতা অর্জনের সুযোগ করে দেবে। নীতি চালু করা সংক্রান্ত উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মাণ্ডবিয়া বলেন, এই উদ্যোগ তরুণদের দেশের ক্রীড়া যাত্রায় তাৎপর্যপূর্ণ অবদান রাখতে ক্ষমতায়িত করবে।

\*\*\*\*\*

### **Exposure team :**

আসাম রাজ্য থেকে নির্বাচিত প্রতিনিধি ও আধিকারিকদের একটি দল গতকাল গোমতি জেলার অমরপুর মডেল ব্লক এলাকা পরিদর্শন করে। ৫৫ জনের এই দলটি মডেল ব্লকের উন্নয়নমূলক কাজের বাস্তব অভিজ্ঞতা বিনিময় করার জন্য এই সফরে এসেছে। দলটি অমরপুর আরডি ব্লকের রাজকাং এডিসি ভিলেজ

অফিস, অঙ্গানুযায়ী কেন্দ্র ও উপস্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করেন। উল্লেখ্য, অমরপুর ব্লকের রাজকাং এডিসি ভিলেজ গত বছর জাতীয় পঞ্চায়েত পুরস্কার পায়। আসাম রাজ্যের পঞ্চায়েত দপ্তরের আধিকারিক ডক্টর সঞ্চিতা পাল জানান, ত্রিপুরা রাজ্যের উন্নয়ন দেখে সবাই খুশি।

\*\*\*\*\*

### **Courtsey Visit :**

সাংসদ বিপ্লব কুমার দেব গতকাল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে এক সৌজন্যমূলক সাক্ষাৎকরে মিলিত হন। শ্রী দেব জানান সাক্ষাৎকালে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়।

\*\*\*\*\*

### **Railways AI based system to protect wildlife :**

রেললাইনে বন্যপ্রাণীদের সুরক্ষার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা বা AI ভিত্তিক ব্যবস্থা জোরদার করেছে ভারতীয় রেলওয়ে। রেললাইন থেকে হাতিসহ বিভিন্ন প্রাণী সুরক্ষায় লোকো পাইলটদের আধা কিলোমিটার আগে সতর্ক করতে রেলওয়ে এআই-ভিত্তিক ক্যামেরা স্থাপন করেছে। রেললাইনে হাতির উপস্থিতি শনাক্ত করার জন্য একটি ডিস্ট্রিবিউটেড অ্যাকোস্টিক সিস্টেম ব্যবহার করে এআই-সক্ষম অনুপ্রবেশ শনাক্তকরণ ব্যবস্থাও স্থাপন করা হয়েছে। হাতির সাথে সংঘর্ষ রোধ করার জন্য উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের ১৪১ রুট কিলোমিটারে এই ব্যবস্থাটি বাস্তবায়ন করা হয়েছে।

\*\*\*\*\*

## **Fish Festival :**

মৎস্য মন্ত্রী সুধাংশু দাস কাঞ্চনপুর আই.এস.বি.টি. মাঠে গতকাল উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক একদিনের মৎস্য উৎসবের সূচনা করেন। অনুষ্ঠানে তিনি বলেন, কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প রূপায়ণের মাধ্যমে ত্রিপুরাকে আত্মনির্ভর রাজ্য হিসেবে গড়ে তোলার কাজ চলছে। এরই অঙ্গ হিসেবে রাজ্যের মৎস্যচাষীদের আত্মনির্ভর করতে রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প রূপায়ণ করছে।

\*\*\*\*\*

## **BSF DIG-Srimantapur :**

বীরত্বের প্রতীক হিসেবে বি.এস.এফের শহীদ জওয়ান ঘনাকান্ত নাথের আবক্ষ মূর্তি গতকাল সোনামুড়ার শ্রীমন্তপুর বি.ও.পি.তে স্থাপন করা হয়। আবক্ষ মূর্তির আবরণ উন্মোচন করেন বি.এস.এফ গোকুলনগর সেক্টরের DIG ভি.কে কাসানা। ১৯৮৯ সালের ১০ই জুলাই বি.এস.এফ জওয়ান ঘনাকান্ত পাচার রুথতে গিয়ে শ্রীমন্তপুর আন্তর্জাতিক সীমান্ত সংলগ্ন গোমতী নদীর জলে ডুবে মারা যান।

\*\*\*\*\*

## **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮শে ডিসেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৯তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের স্মৃতিস্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান

জানিয়েছেন| my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন| এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে| এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে|

\*\*\*\*\*

### **BIJAY HAJARE TROPHY :**

বিজয় হাজারে ট্রফি সীমিত ওভারের ক্রিকেট প্রতিযোগিতার উদ্বোধন দিনের খেলায় আজ ত্রিপুরা ও কেরালা পরস্পরের মুখোমুখি হবে। আমেদাবাদে গুজরাট কলেজ ক্রিকেট মাঠে গ্রুপের এই ম্যাচটি হবে।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। রাজ্যের পাঁচ জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার পূর্বাভাস রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.৮ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*

